২৪

আজকের কাগজ

তারিখ ... 19 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

# বিকল্প পাঠাগারের উদ্যোগে শিবগঞ্জে প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালিত

নেত্রকোনা জেলার শ্যামগঞ্জের বিকল্প পাঠাগারের উদ্যোগে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৫ পালন করা হয়। এ উপলক্ষে গত ৮ জুন বিকেলে পাঠাগার চত্বরে শিশুদের চিত্রাংকন ও গল্প বলা প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় জোনায়েদ হাছান খান দিপন চিত্রাংকনে এবং উদয় বণিক গল্প বলায় শ্রেষ্ঠ হয়। এর পূর্বে রবীন্দ্র ও নজরুল জয়ন্তী উপলক্ষে আয়োজিত চিত্রাংকন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। এ প্রতিযোগিতায় চিত্রাংকনে জোনায়েদ হাছান খান দিপন, কবিতা আবৃত্তি 'ক' বিভাগে উদয় বণিক ও 'খ' বিভাগে সুলতানা শাহানা পারভীন লাকী শ্রেষ্ঠ প্রতিযোগী নির্বাচিত হয়। নেত্রকোনা থেকে আবু জাফর তালুকদার।